

প্রকাশ : ২ ডিসেম্বর, ২০১৭ ১৩:২০
আপডেট : ২ ডিসেম্বর, ২০১৭ ১৪:২৩

অনলাইন
ভার্সন

Share

প্রিন্ট করুন 

আনিসুল হকের মরদেহ ঢাকায়

অনলাইন ডেস্ক



ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হকের মরদেহ বহনকারী ফ্লাইট বিজি২০২ ঢাকায় এসে পৌঁছেছে। শনিবার দুপুর ১২টা ৫০ মিনিটে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছানোর পর আনুষ্ঠানিকতা শেষে সরাসরি মেয়রের বনানীর বাসায় নেওয়া হচ্ছে মরদেহ।

বাংলাদেশ বিমানের জনসংযোগ কর্মকর্তা শাকিল মেরাজ জানান, মরদেহ বহনকারী বিমানে ঢাকায়

এসেছেন আনিসুল হকের স্ত্রী রুবানা হক, ছেলে নাভিদুল হক ও নাতনি। মেয়রের মরদেহ বিমান থেকে নামিয়ে মরদেহ বহনকারী অ্যাম্বুলেন্সে বিমানবন্দরের ৮ নম্বর গেটে আনা হয়।

শাহজালাল বিমানবন্দর থেকে আনিসুল হকের মরদেহ নেওয়া হবে বনানীর বাসায়। সেখানে শোকসন্তপ্ত পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনের শেষ শ্রদ্ধা জানানোর জন্য রাখা হবে।

সর্বসাধারণের শ্রদ্ধা নিবেদনের জন্য তার মরদেহ বিকাল ৩টা থেকে আর্মি স্টেডিয়ামে রাখা হবে। সেখানেই বিকাল ৪টায় আসরের নামাজের পর তার নামাজে জানাজা অনুষ্ঠিত হবে। এরপর তাকে বনানী কবরস্থানে দাফন করা হবে।

বিডি প্রতিদিন/২ ডিসেম্বর, ২০১৭/ফারজানা